

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

প্রেস বিজ্ঞপ্তি

সম্ভরে প্রমিত বাংলা ভাষার ব্যবহার নিশ্চিত করার লক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভাষা প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ‘সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলাভাষার ব্যবহার’ শীর্ষক পাঁচদিন ব্যাপী প্রশিক্ষণের আজ ছিল সমাপনী দিন। ১৯ থেকে ২৩শে মার্চ ব্যাপী অনুষ্ঠিত প্রশিক্ষণে দেশের বিভিন্ন সরকারী মাধ্যমিক বিদ্যালয় থেকে আগত ২৭ জন শিক্ষক অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের বিষয়সমূহের মধ্যে ছিল, বাঙালি ও বাংলাভাষার উদ্ভব ও ক্রমবিকাশ, বাংলা বানান, প্রমিত বাংলা উচ্চারণ, উপযুক্ত বিরাম চিহ্নের ব্যবহার, তথ্য-প্রযুক্তির মাধ্যমে শ্রেণি- পাঠদান প্রক্রিয়ায় বাংলাভাষার ব্যবহার, বাংল থেকে ইংরেজিতে প্রতিবর্ণায়ন ইত্যাদি। স্বনামধন্য ভাষাবিজ্ঞানী অধ্যাপক ড. জীনাৎ ইতিয়াজ আলী, লেখক গবেষক জনাব শেখ মোঃ কাবেদুল ইসলাম, ড. মোঃ ইলতেমাস, ড. অশোক কুমার বিশ্বাস, উচ্চারণ বিশেষজ্ঞ গোলাম সারোয়ার, কারিকুলাম বিশেষজ্ঞ মতিউর রহমান প্রমুখ প্রশিক্ষকবৃন্দ প্রশিক্ষণ প্রদান করেন। প্রতিষ্ঠানের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাৎ ইতিয়াজ আলী এবং ভাষা, প্রশিক্ষণ ও গবেষণা এবং প্রশাসন ও অর্থ বিভাগের পরিচালক, জনাব শেখ মোঃ কাবেদুল ইসলাম যথাক্রমে প্রশিক্ষণের কোর্স পরামর্শক এবং কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন।



উল্লেখ্য প্রশিক্ষণের ধারাবাহিকতায় সরকারি কর্মচারীদের ৩টি ব্যাচকে ‘সরকারি কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে বাংলা ভাষার ব্যবহার’ শীর্ষক প্রশিক্ষণ প্রদান, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১টি ব্যাচকে ‘সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলা ভাষার ব্যবহার’ এবং সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ২টি ব্যাচকে ‘সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলা ভাষার ব্যবহার’ শীর্ষক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।